

শিক্ষাবর্ষ থেকে লিখিত পরীক্ষার ব্যবস্থাও করা হবে বলে সিদ্ধান্ত নেয়া হয়েছে। 25 JAN 1987

ইন্টারন্যাশনাল টেস্টিং রেজিস্ট্রেশন:
 চিঠি লিখে প্রথমেই একটি টোয়েফল তথ্য বুলেটিন আনতে হবে। এর মধ্যে টোয়েফলে অংশগ্রহণ করার আবেদন ফরমও থাকে।
 ফরমে উল্লেখিত প্রয়োজনীয় ফিসহ আবেদনপত্রটি পূরণ করে পরীক্ষার তারিখের কমপক্ষে ৫ সপ্তাহ আগে টোয়েফল অফিসে ফেরত পাঠাতে হবে।
 কখনো নগদ ফি পাঠানো ঠিক হবে না। যারা আমেরিকা অথবা কানাডায় বসবাস করছেন তারা অবশ্য মনি অর্ডার বা চেকের মাধ্যমে ফি পাঠাতে পারে। আমেরিকার বাইরে থেকে ফি পাঠাতে হবে আমেরিকায় পরিশোধযোগ্য কোন ব্যাংকের ব্যাংক ড্রাফট/চেক-এর মাধ্যমে।

উপরে বর্ণিত নিয়মে ফি পাঠানো অসুবিধা মনে হলে যাদের কোন বিশ্বস্থ বন্ধু বা আত্মীয় যুক্তরাষ্ট্র অথবা কানাডায় বসবাস করছেন তাদের সাহায্য নিতে পারবে। এ জন্য টোয়েফল এনভেলাপসহ ফরমটি যথাযথভাবে পূরণ করে এই বিশ্বস্থ বন্ধু/আত্মীয়ের কাছে পাঠিয়ে তাকে অনুরোধ করতে হবে সে যেন ফি বাবদ দেয় অর্থ টোয়েফল অফিসে ব্যাংক ড্রাফট/চেক/মনি অর্ডারযোগে পাঠিয়ে দেয়।
 সাবধানতার সাথে মনে রাখতে হবে ব্যাংক ড্রাফট/মনি অর্ডার/চেক অবশ্যই টোয়েফল বরাবরে পাঠাতে হবে। কারণ এর উপরই টোয়েফলের নম্বর দেয়া হবে।
 ফি পাওয়ার পর পর এডুকেশনাল টেস্টিং সার্ভিস প্রার্থীর রেজিস্ট্রেশন নিশ্চিত করে এডমিশন টিকিটসহ একটি হ্যাণ্ডবুক ফর কেণ্ডিডেটস পাঠাবে। প্রার্থীকে এই এডমিশন টিকিট যথাযথ পূরণ করে পরীক্ষা কেন্দ্রে যেতে হবে।
 অন্যান্য দু'ধরনের পরীক্ষা বাংলাদেশের বসবাসরত

ছাত্র-ছাত্রীদের জন্য প্রযোজ্য নয় বলে এ দুটো পরীক্ষার পদ্ধতি এখানে আলোচিত হলো না।
পরীক্ষার দিনে রেজিস্ট্রেশন:
 আমেরিকায় অবস্থিত পরীক্ষা কেন্দ্রসমূহে কোন অবস্থাতেই পরীক্ষার দিনে রেজিস্ট্রেশন করা হয় না। আমেরিকার বাইরের কেন্দ্রগুলোতে শুধুমাত্র তখনই প্রার্থীদের নাম রেজিস্ট্রেশন করতে দেয়া হয়, যখন প্রার্থীর পরিচিতি, সময় ও পরীক্ষার্থীর আসন সম্পর্কে উপযুক্ত পরিবেশ বিদ্যমান থাকে। তবে এ ক্ষেত্রে আমেরিকান দূতাবাস, এআইডি বিশ্ববিদ্যালয়/এজেন্সীর প্রতিনিধি স্বাক্ষরিত কোন সুপারিশপত্র সংগে থাকা প্রয়োজন।
পরীক্ষা কেন্দ্র: পরীক্ষা কেন্দ্রে প্রার্থীকে তার পরিচয়পত্র, তিনটি দু'নম্বর প্রেন্সিল দু'টাগ মোচার কাগর

নিতে হবে। সঙ্গে একটি ঘড়ি থাকলে সময় বিন্যাসে উপকার হবে।
পরীক্ষার তারিখ পরিবর্তন: অনেক সময় দেখা যায়, অনিবার্য কারণ বশতঃ পরীক্ষা কেন্দ্রগুলোতে নির্ধারিত তারিখে পরীক্ষা নেয়া সম্ভব হয়ে উঠে না। এমন অবস্থায় পরবর্তী কোন সময়ে নতুন তারিখ নির্ধারণ করে টোয়েফল পরীক্ষা নেয়া হয়। কোন প্রার্থী এই নতুন নির্ধারিত তারিখে পরীক্ষা দিতে না চাইলে, সে সম্পূর্ণ ফি-এর টাকা ফেরত চেয়ে টোয়েফল অফিসকে লিখিতভাবে জানাতে পারে।
ফলাফল: পরীক্ষার উত্তরপত্র পাওয়ার একমাস পর পরীক্ষার ফলাফল ডাকযোগে প্রার্থীর কাছে পাঠানো হয়। কোন অবস্থায়ই এর আগে ফলাফল পাঠানো সম্ভব নয়।
ফলাফল বাতিল: টোয়েফল কর্তৃপক্ষ যে কোন সময় যে কোন কেন্দ্র কিংবা যে কোন প্রার্থীর ফলাফল বাতিল বলে ঘোষণা করার ক্ষমতা সংরক্ষণ করে।
প্রার্থী কর্তৃক পরীক্ষা বাতিল: কোন প্রার্থী ফলাফল বাতিল করতে চাইলে টোয়েফল অফিসে পরীক্ষার পর সাত দিনের মধ্যে লিখে জানাতে হবে।
পদ্ম প্রার্থীদের ক্ষেত্রে: অন্যান্য প্রার্থীদের মত পদ্ম প্রার্থীদের পরীক্ষাও একই মান ও শর্তানুসারে গঠিত হবে।